Consumer and Worker Protection

এই প্রকাশনাটি ৪ই এপ্রিল তারিখ পর্যন্ত তথ্য অন্তর্ভুক্ত করে।
উপরন্তু অনুগ্রহ করে nyc.gov/studentloans এর উপর নজর রাখুন।

স্টুডেন্ট লোন ধারকদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

COVID-19 এর সময় স্বয়ংক্রিয় পেমেন্ট স্থগিতকরণ এবং অন্যান্য ছাড়

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক

করোনাভাইরাস সহায়তা, ছাড়, এবং আর্থিক সুরক্ষা (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES) আইন অনুযায়ী, ফেডারেল স্টুডেন্ট লোন পেমেন্টগুলি, ছয় মাসের জন্য, স্বয়ংক্রিয়ভাবে স্থগিত করা হয়েছে এবং তার জন্য কোনো সুদ বা জরিমানা দিতে হবে না। ঋণ গ্রহণকারীদের কিছু করতে হবে না। নিচে একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল।

ফেডারেল স্টুডেন্ট লোনগুলির জন্য যোগ্যতা লাভ *অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্র শিক্ষা দপ্তর (Department of Education, ED) এর মালিকানাধীন হতে হবে।*	**স্থগিতাদেশ শুরুর তারিখ**	**স্থগিতাদেশ শেষের তারিখ**	**স্থগিতাদেশের সময় সুদের হার**
▪ প্রত্যক্ষ ঋণ: ▪ ফেডারেল ফ্যামিলি এডুকেশন লোনস (Federal Family Education Loans, FFEL)* ▪ ফেডারেল পারকিনস লোনস (Federal Perkins Loans) * ডিফল্ট-না হওয়া এবং ডিফল্ট হওয়া লোনগুলিকে অন্তর্ভুক্ত করে **আপনার কোন ফেডারেল লোন যোগ্য বিবেচিত হবে তা দেখতে NSLDS.ed.govএ ন্যাশনাল স্টুডেন্ট লোন ডেটা সিস্টেমে লগইন করুন।**	13ই মার্চ, 2020	30শে সেপ্টেম্বর, 2020	0%

এই ছাড়ের জন্য বিবেচিত *না হওয়া* লোনগুলি পুরানো U.S. ED এর মালিকানাধীন নয় এমন FFEL লোন, স্কুলগুলির মালিকানাধীন পারকিনস লোনস, এবং বেসরকারী স্টুডেন্ট লোনগুলিকে অন্তর্ভুক্ত করে।

U.S. ED এর মালিকানাধীন FFEL এবং পারকিনস লোনগুলির জন্য, আপনার বিকল্পগুলি জানতে আপনার স্টুডেন্ট লোন প্রদানকারীর সাথে যোগাযোগ করুন। আপনি আপনার লোন (লোনগুলি) ছাড় পাওয়ার যোগ্য একটি প্রত্যক্ষ সমন্বিত লোনে (Direct Consolidation Loan) একত্রিত করতে পারেন; যদিও, একত্রিতকরণ আপনার দীর্ঘ-মেয়াদী সুদের হার এবং মোট পরিশোধের পরিমাণকে প্রভাবিত করবে। দেরি করে পেমেন্ট এবং পেমেন্টের বিরতিও একটি বিকল্প হতে পারে।

আপনাকে কী জানতে হবে

পেমেন্ট স্থগিত রাখার সময়কালে (13ই মার্চ - 30শে সেপ্টেম্বর):

- আপনি স্বয়ংক্রিয়ভাবে প্রশাসনিক পেমেন্ট বিরতিতে আছেন। প্রশাসনিক বিরতির সময় স্বয়ংক্রিয় পরিশোধ (স্বয়ংক্রিয়-ডেবিট পেমেন্ট) বাতিল করা হয়।
- *আপনি লোন পেমেন্ট করুন বা না করুন* U.S. ED, ক্রেডিট ব্যুরোগুলিকে "অন-টাইম পেমেন্টস" রিপোর্ট করবে।

আপনি লোন পেমেন্ট বন্ধ করা বেছে নিলে, আপনার ক্রেডিট ক্ষতিগ্রস্ত হবে না।

আপনি লোন পেমেন্ট চালিয়ে যাওয়া বেছে নিলে, আপনাকে স্বয়ংক্রিয় পেমেন্টে আবার নথিভুক্তি করতে হতে পারে।

স্বয়ংক্রিয় পেমেন্টে নথিভুক্ত ফেডারেল স্টুডেন্ট লোন ধারক

- প্রশাসনিক বিরতির সময় স্বয়ংক্রিয় পেমেন্ট স্থগিত করা হয়েছে। প্রশাসনিক বিরতি থেকে অপ্ট আউট করে আবার নথিভুক্তি করার জন্য আপনি আপনার লোন প্রদানকারীর সাথে যোগাযোগ করতে পারেন।
- স্থগিতাদেশটি কার্যকর হওয়ার আগে আপনি আপনার লোন প্রদানকারীর ওয়েবসাইটেও স্বয়ংক্রিয় পেমেন্ট বাতিল করতে পারেন। বাতিলকরণের অনুরোধগুলি প্রক্রিয়াকরণ করতে তিন কার্যদিবস সময় লাগতে পারে।
- 13ই মার্চ এবং 30শে সেপ্টেম্বরের মধ্যে যে কোনো স্বয়ংক্রিয় পেমেন্টের জন্য আপনি একটি রিফান্ড পেতে পারেন। রিফান্ড সম্পর্কিত সহায়তার জন্য আপনার লোন প্রদানকারীর সাথে যোগাযোগ করুন।

সরকারি পরিষেবা লোন মকুফ (**Public Service Loan Forgiveness, PSLF**) অথবা উপার্জন পরিচালিত পুনঃপরিশোধ (**Income-Driven Repayment, IDR**) প্রকল্পসমূহে নথিভুক্ত ফেডারেল স্টুডেন্ট লোন ধারকগণ (**Federal Student Loan Holders**)

- স্থগিত পেমেন্টগুলি (13ই মার্চ-30 সেপ্টেম্বর) PSLF এবং IDR এ আপনার মোট "যোগ্য পেমেন্টগুলির" সংখ্যাকে গণনা করে।

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক যারা বিচ্যুত বা ডিফল্টার হয়েছেন

- 30শে সেপ্টেম্বর, 2020 এর আগে আদায়ের জন্য কোনো পদক্ষেপ নেওয়া হবে না। আদায়ের পদক্ষেপগুলি মজুরি কেটে নেওয়া (আদালতের রায় ছাড়াই কেটে নেওয়া), ফেডারেল ট্যাক্স রিফান্ডের সাথে শোধবোধ করা, এবং ফেডারেল বেনিফিটের সাথে শোধবোধ করা (উদাহরণস্বরূপ, সামাজিক সুরক্ষার সুবিধাবলী বাজেয়াপ্ত করা) কে অন্তর্ভুক্ত করতে পারে।
- 13ই মার্চ, 2020 এর পরে আপনার রিফান্ড বা সুবিধাবলী শোধবোধ করা হলে বা আপনার মজুরি কেটে নেওয়া হলে, আপনি একটি রিফান্ড পাবেন।
- স্থগিত পেমেন্টগুলি (13ই মার্চ - 30শে সেপ্টেম্বর) লোন পুনঃগণনা করে।

আরো তথ্যের জন্য, U.S. ED এর ডিফল্ট সমাধান গ্রুপের সাথে 1-800-621-3115 নম্বরে যোগাযোগ করুন (বধির বা শ্রবণ প্রতিবন্ধীর জন্য TTY 1-877-825-9923)।

ফেডারেল স্টুডেন্ট লোন ধারক পেমেন্ট করা অব্যাহত রাখতে পারবেন

- আপনার পেমেন্ট 13ই মার্চের আগের বকেয়া সুদ পরিশোধ করে বাকিটা মূলধন পরিশোধ করবে।
- আপনার মাসিক পেমেন্ট কমবে না; যদিও, আপনি আপনার লোন আরো দ্রুত এবং কম সময়ে পরিশোধ করবেন।
- আপনি বিরতিতে থাকলে, আপনি মাসিক পেমেন্টের পরিমাণের কম পেমেন্ট করলে কোনো জরিমানা হবে না।

বেসরকারী স্টুডেন্ট লোন ধারক

- পাঁচটি মুখ্য লোন পরিষেবা প্রদানকারী—EdFinancial সার্ভিসেস, Navient, Nelnet, PHEAA, এবং MOHELA—ছাড়ের প্রস্তাব দিচ্ছে যা 90 দিনের বিলম্বিত মাসিক পেমেন্টগুলিকে অন্তর্ভুক্ত করে; লেট ফীগুলি মুকুফ করে; ক্রেডিট এজেন্সিগুলিকে কোনো নেতিবাচক রিপোর্ট করে না; উপলভ্য দীর্ঘ-মেয়াদী সহায়তা কর্মসূচিগুলিতে যোগ্য ঋণগ্রহণকারীদের নথিভুক্তি। **dfs.ny.gov/consumers এ নিউইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা দপ্তর দেখুন**
- অন্যান্য বেসরকারী স্টুডেন্ট লোন প্রদানকারীদের জন্য, পেমেন্টের ভিন্ন বিকল্পগুলির জন্য অনুরোধ করতে তাদের সাথে যোগাযোগ করুন।

রিসোর্স এবং বিনামূল্যে সহায়তা

ফেডারেল স্টুডেন্ট এইড (U.S. শিক্ষা বিভাগের অংশ): করোনাভাইরাস এবং বিরতির তথ্যের জন্য **studentaid.gov** দেখুন বা Federal Student Aid Frequently Asked Questions এ ক্লিক করুন।

স্টুডেন্ট ঋণগ্রহণকারী সুরক্ষা কেন্দ্র (Student Borrower Protection Center, SBPC): **protectborrowers.org** দেখুন বা SBPC Information & Resources for Borrowers During the Coronavirus Pandemic (করোনাভাইরাস মহামারী চলাকালীন ঋণগ্রহীতাদের জন্য SBPC তথ্য ও সংস্থানসমূহ) এ ক্লিক করুন

সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক চ্যান্সেলরের ত্রান তহবিল (City University of New York Chancellor's Emergency Relief Fund): **cuny.edu** দেখুন

ফোনে বিনামূল্যে আর্থিক পরামর্শ: একটি অ্যাপয়েন্টমেন্ট করতে **nyc.gov/TalkMoney** দেখুন।

নিউ ইয়র্ক সিটি উপভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP): **nyc.gov/studentloans** দেখুন